2 0 1 8

PG Even Semester (CBCS) Exam., May—2018

BENGALI

(4th Semester)

পাঠক্রম নং : BNGCC–403

(সাহিত্যতত্ত্ব—২)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'সাহিত্যচর্চা' গ্রন্থটি কবে প্রথম প্রকাশিত হয়? এতে কয়টি প্রবন্ধ আছে? ''তাঁর বুদ্ধি পূর্ণজাগ্রত, সংবেদনশীলতা চরম : জীবনের সমস্ত অভিজ্ঞতার ভিতর দিয়ে অবিরলভাবে বেড়ে ওঠেন তিনি, কোনো একটা জায়গায় এসে আটকে যান না।'' কার কথা বলা হয়েছে? এই স্বাধীন-সত্তায় তিনি কেমন করে পৌঁছন, লেখকের অনুসরণে বিশ্লেষণ করো। ১+১+১+১১=১৪

২। পাঠ্য ব্যতিরেকে বুদ্ধদেব বসুর দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো। লেখকের মতে আধুনিক সংবাদপত্রের অংশগুলি কী কী? জনচেতনায় মৌখিক ও মুদ্রিত সংবাদপত্রের বিপরীত প্রতিক্রিয়া সৃষ্টির কারণ বিষয়ে লেখকের প্রতিবেদনের মূল্যায়ন করো। ২+১+১১=১৪

খ—গুচ্ছ

৩। 'যথাস্থিতবাদ' যে শিল্প আন্দোলন দ্বারা প্রভাবিত হয়েছিল, সেই শিল্প আন্দোলন এবং তার সঙ্গে যুক্ত একজন শিল্পীর নাম লেখো। রিয়ালিজম, সোস্যালিস্ট রিয়ালিজম এবং সুররিয়ালিজম সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১+১+(৪+৪+৪)=১৪

৪। একজন ডাডাবাদী লেখকের নাম লেখো। সুররিয়ালিজমের ম্যানিফেস্টোটি কে রচনা করেছিলেন? সাহিত্য আন্দোলন হিসাবে ক্লাসিসিজম থেকে রিয়ালিজম পর্যন্ত পথটির মূল মতাদর্শগত অবস্থানগুলি আলোচনা করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। পাঠ্যগ্রন্থটি ছাড়া দেবেশ রায়ের সাহিত্যজিজ্ঞাসা-সংক্রান্ত দুটি গ্রন্থের নাম লেখো। ''আমি এমন একজন ঔপন্যাসিকের শিল্পসংকটের কথা ভাবছি যে আজ বা আগামীকাল চাইতে পারে যে বাক্যটি সে রচনা করবে আর সেই বাক্যের ভিতরে যে অর্থটি ভরে দিতে চাইবে তার মাঝখানে একমাত্র সংযোজক হিসেবে সেই থাকবে লেখক হিসেবে, কথক হিসেবে; সে কোনো কলোনির প্রজা হিসেবে কলোনির কোনো শিক্ষা তার বাক্যের ভিতরে ভরে দেবে না।'' প্রাবন্ধিকের অনুসরণে কথিত 'শিল্পসংকট'-এর স্বরূপ আলোচনা করো। ২+১২=১৪

৬। দেবেশ রায়ের তিনটি প্রতিবেদনমূলক উপন্যাসের নাম লেখো। ‘‘ইংরেজি উপন্যাসের একটি বিশেষ ধরনই বাংলা উপন্যাসের মডেল হয়ে উঠেছিল।’’ বাংলা উপন্যাসের সূচনালগ্ন থেকেই আমরা কীভাবে কাহিনিবয়নের দেশজ ঐতিহ্য থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছি, দেবেশ রায়ের অনুসরণে তা বুঝিয়ে দাও। ৩+১১=১৪

ঘ—গুচ্ছ

৭। লোককথা বিশ্লেষণে হেদা জেসন তাঁর কোন্ প্রবন্ধে ‘Deep Pattern Theory’র উল্লেখ করেছেন? *Morfologia Skazki* বইটির ইংরেজি অনুবাদক কে?

QS : QR : : FS : FR অথবা L : LL সূত্রের সাহায্যে যে কোনো একটি লোককথার আকরণবাদী পাঠ উপস্থাপন করো। ১+১+১২=১৪

৮। তত্ত্বগঠনের চারটি মৌল উপাদান কী কী? ভাষা অধ্যয়নে আকরণবাদী তত্ত্বচিন্তার বিকাশে ফার্দিনান্দ দ্য স্যসুর এবং নোয়াম চমস্কির অবদান বিষয়ে আলোচনা করো। ২+(৬+৬)=১৪

ঙ—গুচ্ছ

৯। মার্কসবাদী সাহিত্যজিজ্ঞাসায় গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন, বিশ শতকের এমন চারজন তাত্ত্বিকের নাম লেখো। ‘ভিত্তি-উপরিসৌধ’-র পারস্পরিক সম্পর্ক বিষয়ে মার্কসবাদী নন্দনতত্ত্বের ধারণাটি পর্যালোচনা করো। ৪+১০=১৪

১০। গেয়র্গ লুকাচ-এর দুটি গ্রন্থের নাম লেখো। মার্কসবাদী সাহিত্যতত্ত্বে লুকাচ-এর অবদান বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করো। ২+১২=১৪

★★★